

এনটিআরসিএ কর্তৃক পরিচালিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রি লেভেলের শিক্ষক পদে নিয়োগের জন্য
সুপারিশকরণের লক্ষ্যে ২য় (দ্বিতীয়) নিয়োগ চক্রের ফলাফল বিজ্ঞপ্তি

এনটিআরসিএ কর্তৃক পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রদান করে সারাদেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে এন্ট্রি লেভেলের শূন্য পদে নিয়োগের জন্য অনলাইনে চাহিদা (e-Requisition) চাওয়া হলে বিগত ২৬.০৮.২০১৮ হতে ৩০.০৯.২০১৮ তারিখের মধ্যে দেশের ১৫১৮৬ টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৩৯,৫৩৫ টি পদের চাহিদা পাওয়া যায় (বিস্তারিত জানতে <http://ntrca.gov.bd> অথবা <http://ngi.teletalk.com.bd> এ ক্লিক করুন)।

২। উক্ত পদসমূহে নিয়োগের জন্য নিবন্ধন সনদধারীদের নিকট হতে ১৯.১২.২০১৮ থেকে ০২.০১.২০১৯ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন (e-Application) চাওয়া হলে উক্ত ৩৯,৫৩৫ টি পদের বিপরীতে ২৫,৭৯,১৯৬টি আবেদন পাওয়া যায়।

৩। পরবর্তীতে বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে ভুল চাহিদা প্রদান করেছে মর্মে এনটিআরসিএ-কে লিখিতভাবে জানায়। সে প্রেক্ষিতে ১৩২ টি প্রতিষ্ঠানের ভুল চাহিদাজনিত কারণে ২১৮ টি পদে নিয়োগ সুপারিশ আপাততঃ স্থগিত (Withheld) রাখা হয়েছে (বিস্তারিত স্থগিত তালিকা দেখার জন্য <http://ntrca.gov.bd> অথবা <http://ngi.teletalk.com.bd> এ ক্লিক করুন)। ১৫,১৫৭ টি প্রতিষ্ঠানের ৩৯,৩১৭ টি পদের প্রতিটির বিপরীতে যথাযথ শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন ও নিবন্ধন সনদধারী আবেদনকারীদের মধ্য হতে প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটা পূরণ সাপেক্ষে সম্মিলিত জাতীয় মেধাতালিকা অনুসরণ করে সর্বোচ্চ মেধাধারীকে নিয়োগ প্রদানের জন্য সুপারিশ চূড়ান্ত করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও প্রার্থীকে SMS এর মাধ্যমে অবহিত করা হয়েছে (সুপারিশকৃত প্রার্থীদের বিস্তারিত তালিকা দেখার জন্য <http://ntrca.gov.bd> অথবা <http://ngi.teletalk.com.bd> এ ক্লিক করুন)।

এ ফলাফলের বিষয়ে অন্যকোনো জিজ্ঞাসা/ প্রশ্ন বা মতামত থাকলে নিম্ন বর্ণিত হট লাইন সমূহে যোগাযোগ করুন।

৪১০৩০০৪৩, ৪১০৩০০৪৭, ৪১০৩০১২৯, ০১৮১৪৩৪৬৪৩৪, ০১৭৮৬৪৭৯৩৫২, ০১৫৫৮০৫৬১৪২

চেয়ারম্যান

এনটিআরসিএ, ঢাকা।